গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৪.৩২.২৩৬.১৮-২৬

তারিখ: ১১ মাঘ ১৪৩২
২৫ জানুয়ারি ২০২৬

বিষয়ঃ বুড়িচং সদর ইউনিয়নের সম্পূর্ণ অংশে বুড়িচং পৌরসভা গঠিত হওয়ায় ইউনিয়ন পরিষদ বিলুপ্তির প্রজ্ঞাপন ও গেজেটভুক্তকরণ সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর স্মারক নং-১১১৩, তারিখঃ ১৫/১২/২০২৫ খি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৮/০১/২০০৪ তারিখের এস,আর,ও নং ০৬ আইন/২০০৪ এর প্রজ্ঞাপনমূলে বুড়িচং সদর ইউনিয়নের সম্পূর্ণ অংশ নিয়ে বুড়িচং পৌরসভা গঠিত হওয়ায় বুড়িচং সদর ইউনিয়ন পরিষদ বিলুপ্ত হয়েছে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো এবং স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ শাখার ০৮/০৫/২০০৬ তারিখের ৫৪৮ নং স্মারক মূলে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক বুড়িচং সদর ইউনিয়ন পরিষদের স্থাবর/অস্থাবর সম্পত্তি হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫.০১.২৬
মোঃ মোশারেফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-০২-২২৩৩৫৫৫৭২
e-mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
কুমিল্লা।

**অনুলিপিঃ**

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রশাসক, বুড়িচং পৌরসভা, কুমিল্লা।
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

G/Drive/manik/Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা।

"প্রজ্ঞাপন"

তারিখ ঃ-০৫/১/০৪ ইং
২৫/৯/১৪১০ বাং

এস,আর,ও নং-০৬---আইন/২০০৪-যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৩৮ আইন/২০০৩, তারিখ-২৬শে মে, ২০০৩ ইংরেজী মোতাবেক ১২ই জ্যেষ্ঠ, ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য কুমিল্লা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্দ্বারা কুমিল্লা জেলার বুড়িচং উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে,আগামী ২৬শে পৌষ, ১৪১০ বাংলা মোতাবেক ৯ই জানুয়ারী, ২০০৪ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি ( পৌর এলাকা ) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি বুড়িচং মিউনিসিপ্যালিটি ( পৌর এলাকা ) নামে অভিহিত হইবে ।

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে,এল, নং | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | বুড়িচং | উত্তর বিজয়পুর | ৭৭ | ০১-২৭২৬ |
| (২) | বুড়িচং | জগতপুর | ৫৩ | ০১-২৪৯১ |
| (৩) | বুড়িচং | পূর্নমতি | ৭৫ | ০১-২২৮৫ |
| (৪) | বুড়িচং | আরাগ-আনন্দপুর | ৭৮ | ০১-৮০০ |
| (৫) | বুড়িচং | জরুইন | ৭৬ | ০১-৭৩৮ |
| (৬) | বুড়িচং | বড় হরিপুর | ১২৭ | ০১-১০৯১ |
| (৭) | বুড়িচং | যদুপুর | ১২৬ | ০১-৪৭৭। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( মোঃ হাবিবুর রহমান খান )
সিনিয়র সহকারী সচিব

CS CamScanner

1/2

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারী ১১, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা।

## প্রজ্ঞাপন

তারিখ, ৮ই জানুয়ারী, ২০০৪/২৫শে পৌষ, ১৪১০

এস,আর,ও নং ০৬-আইন/২০০৪।—যেহেতু সরকার এই বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং [illegible]-আইন/২০০৩, তারিখ [illegible] মে, ২০০৩ ইংরেজী মোতাবেক ১২ই জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা [illegible] বর্ণিত এলাকাকে [illegible] ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules [illegible] উল্লিখিত, এর rule ২ এর বিধান মোতাবেক উদ্দেশ্য ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর মতামত ও আপত্তি [illegible] করিবার জন্য কুমিল্লা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;



মূল্য : টাকা ১.০০

1/26/26, 1:20 PM বুড়িচং পৌরসভা..jpg



যেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section [illegible] এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার কুমিল্লা জেলার বুড়িচং উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১১শে পৌষ, ১৪১০ বাংলা মোতাবেক [illegible] জানুয়ারী, ২০০৪ [illegible] একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি বুড়িচং মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল, নং | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | বুড়িচং | উত্তর বিজয়পুর | ৭৭ | ০১-২৭২৬ |
| (২) | বুড়িচং | জগতপুর | ৫৩ | ০১-২৪৯১ |
| (৩) | বুড়িচং | পূর্নমতি | ৭৫ | ০১-২২৮৫ |
| (৪) | বুড়িচং | আরাগ-আনন্দপুর | ৭৮ | ০১-৮০০ |
| (৫) | বুড়িচং | ডাকইন | ৭৬ | ০১-৭৩৮ |
| (৬) | বুড়িচং | বড় হরিপুর | ১২৭ | ০১-১০৯১ |
| (৭) | বুড়িচং | যদুপুর | ১২৬ | ০১-৪৭৭। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ [illegible], উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

https://mail.google.com/mail/u/0/#inbox/QgrcJHshbNCcBGdxTDWHMkFDFjTkdtLBvgV?projector=1&messagePartId=0.1 1/1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-শাখা।

সারক নং- ইপ/বিবিধ-০৫/২০০৪/৫৪৮. তারিখঃ- ০৮-০৫-২০০৬ইং

বিষয়ঃ- পৌর এলাকায় সম্পূর্ণ/আংশিক অন্তর্ভুক্ত ইউনিয়ন পরিষদের সম্পত্তি, জনবল ও দায়দেনা হস্তান্তর সম্পর্কিত নীতিমালা।

The Declaration and Alterations of Municipalities Rules, ১৯৭৮ মোতাবেক নতুন পৌরসভা গঠন/বিদ্যমান পৌরসভার সীমানা সম্প্রসারণের ক্ষেত্রে ইউনিয়ন এলাকা সম্পূর্ণ অথবা আংশিকভাবে পৌরসভায় অন্তর্ভুক্ত হয়ে থাকে। পৌরসভা এলাকায় সম্পূর্ণ/আংশিক অন্তর্ভুক্ত ইউনিয়ন পরিষদের সম্পত্তি, জনবল ও দায়দেনা নিষ্পত্তির বিষয়ে উল্লেখিত বিধিমালায় সুস্পষ্ট বিধান না থাকায় প্রায়শঃই এ সকল বিষয়ে জটিলতা সৃষ্টি হয়। পৌরএলাকায় সম্পূর্ণ/আংশিক অন্তর্ভুক্ত ইউনিয়ন পরিষদের সম্পত্তি, জনবল ও দায়দেনার সুষ্ঠু নিষ্পত্তির লক্ষ্যে The Declaration and Alterations of Municipalities Rules, ১৯৭৮ বিধি ৬ এর আলোকে নিম্নরুপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১। কোন ইউনিয়ন পরিষদের সম্পূর্ণ এলাকা পৌরসভায় অন্তর্ভুক্ত হলে-

(ক) বিলুপ্ত ইউনিয়ন পরিষদের স্থাবর/অস্থাবর সকল সম্পত্তি পৌরসভার মালিকানাধীন মর্মে গণ্য হবে এবং যাবতীয় দায়দেনা উক্ত পৌরসভার উপর বর্তাবে।

(খ) বিলুপ্ত ইউনিয়ন পরিষদের জনবল যোগ্যতা ও বেতন স্কেল অনুযায়ী পৌরসভায় আত্মীকৃত হবে।

২। কোন ইউনিয়ন পরিষদের আংশিক এলাকা পৌরসভায় অন্তর্ভুক্ত হলে ইউনিয়ন পরিষদের সম্পত্তি, জনবল ও দায়দেননা নিম্নরুপভাবে বন্টন করতে হবে ঃ-

(ক) ইউনিয়ন পরিষদ ভবন/কমপ্লেক্স ভবন পৌরসভার সীমানাভূক্ত হলে এবং তা সরকারী অর্থায়নে নির্মিত হলে উক্ত ভবন/কমপ্লেক্স ভবন পৌরসভার মালিকানাধীন বলে বিবেচিত হবে।

(খ) পৌর এলাকার মধ্যে অবস্থিত ইউনিয়ন পরিষদ ভবন/কমপ্লেক্স ভবনসহ জমি দানকৃত হলে ক্ষতিপূরণ ব্যতিরেকে পৌরসভার অনুকূলে হস্তান্তরিত হবে ।

(গ) পৌর এলাকার মধ্যে অবস্থিত ইউনিয়ন পরিষদ ভবনসহ জমি পরিষদের নিজস্ব তহবিল দ্বারা ক্রয়কৃত হলে উক্ত জমি পৌরসভার নিকট থেকে যথাযথ ক্ষতিপূরণ আদায় সাপেক্ষে পৌরসভার অনুকূলে হস্তান্তরিত হবে।

(ঘ) পৌর এলাকায় বিদ্যমান ইউনিয়ন পরিষদের দোকানপাট, মার্কেট বা অন্য কোন স্থাপনা ইউনিয়ন পরিষদের নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত বা নির্মিত হলে তা ইউনিয়ন পরিষদের মালিকানায় বহাল থাকবে, তবে ইউনিয়ন পরিষদ সম্মত হলে পৌরসভা কর্তৃক যথাযথ ক্ষতিপূরণ প্রদান সাপেক্ষে পৌরসভার অনুকূলে হস্তান্তর করা যাবে।

(ঙ) জেলা প্রশাসক ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও জেলা প্রশাসনের প্রতিনিধি সমন্বয়ে কমিটি গঠন করে প্রচলিত নিয়মে ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ করবেন।

(চ) যে সকল ইউনিয়ন পরিষদের ভবন/কমপ্লেক্স ভবন পৌরসভায় হস্তান্তরিত হবে, সে সকল ইউনিয়ন পরিষদ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণে অগ্রাধিকার পাবে এবং ভবন নির্মিত না হওয়া পর্যন্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আবেদনের ভিত্তিতে জেলা প্রশাসক সমন্বয়ের মাধ্যমে উভয় প্রতিষ্ঠানকে একই ভবনে দাপ্তরিক কাজ চালানোর অনুমতি প্রদান করতে পারবেন।

৮.৫.০৬

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৭১৬৭১৪৫।

বিতরণঃ
১। জেলা প্রশাসক ------------------------------------

CamScanner